

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৮.২২.৮৮

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১১৭২২/২০২২-এর রুল ও আরজির আলোকে অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ দফাওয়ারি জবাব, ঘটনার প্রকৃত বিবরণী এবং প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং ১১৭২২/২০২২-এর ০৪/১০/২০২২ খ্রি. তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জয়পুরহাট জেলা পরিষদ নির্বাচন, ২০২২-এ ০৫নং ওয়ার্ডের সদস্য পদপ্রার্থী জনাব মো. তারেক মকতুম জোয়ার্দার মজিত-এর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল হওয়ায় তিনি সংস্কৃদ্ধ হয়ে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ করাসহ মোট চার জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১১৭২২/২০২২ রুজু করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রাইমা-ফেইসির ভিত্তিতে তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। এ মোকদ্দমার ৪নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, জয়পুরহাট।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১১৭২২/২০২২ মোকদ্দমার রুল ও আরজির আলোকে অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ নিম্নোক্ত কাগজপত্র ইংরেজীতে প্রস্তুতপূর্বক সত্যায়িত করে দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫(পনের) কার্য দিবসের মধ্যে এ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- দফাওয়ারি জবাব।
- ঘটনার প্রকৃত বিবরণী।
- স্থগিতাদেশের সার্টিফাইড কপি।
- প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (5079/potrojariAttachmentRef/37208/0/2240)

২৩-১-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৬৮.২২.৮৮/১(৫)

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৩-১-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারি সচিব